

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

চসিকের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত

আজ শনিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অমর একুশে বইমেলা মঞ্চে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার বিষয় ছিল 'ক' বিভাগের জন্য প্রভাত ফেরী, 'খ' বিভাগের জন্য আমার ভাবনায় ৫২'র ভাষা আন্দোলন। চিত্রাংকন প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন-চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা, প্রধান শিক্ষিকা চম্পা মজুমদার, সহকারী শিক্ষক রুমেলা বড়ুয়া, গৌরী দাশ প্রমুখ।

এ সময় প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বলেন, শিশু-কিশোরদের মাঝে ভাষা আন্দোলনের গুরুত্ব তুলে ধরতেই আমাদের এই প্রয়াস। তিনি প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের যথাসময়ে উপস্থিত করার জন্য অভিভাবকদের ধন্যবাদ জানান। এই প্রতিযোগিতায় প্রায় দুইশত প্রতিযোগি অংশগ্রহণ করেন। আগামী ২৩ ফেব্রুয়ারী বিজয়ীদের ফলাফল স্ব স্ব স্কুলে পাঠিয়ে দেয়া হবে। অমর একুশে বইমেলা মঞ্চে আগামীকাল সকাল ১১টায় লোক গীতি ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্টদের যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ রইল।

চসিকের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত

আজ শনিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অমর একুশে বইমেলা মঞ্চে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার বিষয় ছিল 'ক' বিভাগের জন্য প্রভাত ফেরী, 'খ' বিভাগের জন্য আমার ভাবনায় ৫২'র ভাষা আন্দোলন। চিত্রাংকন প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন-চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা, প্রধান শিক্ষিকা চম্পা মজুমদার, সহকারী শিক্ষক রুমেলা বড়ুয়া, গৌরী দাশ প্রমুখ।

এ সময় প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বলেন, শিশু-কিশোরদের মাঝে ভাষা আন্দোলনের গুরুত্ব তুলে ধরতেই আমাদের এই প্রয়াস। তিনি প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের যথাসময়ে উপস্থিত করার জন্য অভিভাবকদের ধন্যবাদ জানান। এই প্রতিযোগিতায় প্রায় দুইশত প্রতিযোগি অংশগ্রহণ করেন। আগামী ২৩ ফেব্রুয়ারী বিজয়ীদের ফলাফল স্ব স্ব স্কুলে পাঠিয়ে দেয়া হবে। অমর একুশে বইমেলা মঞ্চে আগামীকাল সকাল ১১টায় লোক গীতি ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্টদের যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ রইল।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮